

# পরীক্ষা বিভাগ

EXAMINATION DIVISION



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY

১৮২/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০১/১৪২৩

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ  
১৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণেচ্ছু ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের চাহিদা  
Online-এ পূরণ ও হার্ড কপি প্রেরণ প্রসঙ্গে।

জনাব

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এ অংশগ্রহণেচ্ছু আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন স্টাডি সেন্টারসমূহের নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সংখ্যা/প্রশ্নপত্রের বিষয়ভিত্তিক চাহিদা [(১ম ও ২য় সেমিস্টারের নিয়মিত ২০২৩ ব্যাচ ও ২০২৪ ব্যাচ, অনিয়মিত ২০২২ ব্যাচ এবং তার পূর্ববর্তী ব্যাচসমূহ), (৩য় ও ৪র্থ সেমিস্টারের নিয়মিত ২০২২ ব্যাচ, অনিয়মিত ২০২১ ব্যাচ এবং তার পূর্ববর্তী ব্যাচসমূহ), (৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের নিয়মিত ২০২১ ব্যাচ, অনিয়মিত ২০২০ ব্যাচ এবং তার পূর্ববর্তী ব্যাচসমূহ)] Online-এ পূরণ ও হার্ড কপি প্রেরণ সংক্রান্ত অনুরোধীয় গাইডলাইন নিম্নরূপ :

- ১। বিষয়ভিত্তিক শিক্ষার্থীর সংখ্যা প্রেরণের জন্য exam.bou.ac.bd ওয়েব সাইটে গিয়ে যথাযথ ID, Password দিয়ে Login করে Entry→Question Requisition লিংকে প্রবেশ করে Online ফরমে উপ-আঞ্চলিক কেন্দ্র ও আঞ্চলিক কেন্দ্রকে স্ব-স্ব স্টাডি সেন্টারসমূহের ডাটা Input এর কাজ আগামী ২১/০৫/২০২৫ থেকে ২৬/০৫/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে (কোন কোর্সে শিক্ষার্থী না থাকলে ঐ কোর্স Blank থাকবে)।
- ২। উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন স্টাডি সেন্টারের বিষয়ভিত্তিক প্রশ্নপত্রের চাহিদা সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক কেন্দ্র থেকে Online-এ আঞ্চলিক পরিচালক বরাবর Up-Load করবে। আঞ্চলিক পরিচালক আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন (উপ-আঞ্চলিক কেন্দ্রসহ) সকল স্টাডি সেন্টারের প্রশ্নপত্রের চাহিদার সঠিকতা নিশ্চিত করে আগামী ২৯/০৫/২০২৫ তারিখের মধ্যে Online-এ চূড়ান্ত Submit করবেন। তবে উল্লেখ থাকে যে, চূড়ান্ত সাবমিট করার পর কোন data edit করা যাবে না।
- ৩। Online-এ পূরণকৃত চাহিদার প্রিন্ট কপি পাওয়ার জন্য বর্ণিত Software টির মেন্যুবারের Reports থেকে Question Requisition Final অংশে গিয়ে হার্ড কপি প্রিন্ট নিতে হবে। উক্ত হার্ড কপি আপনার স্বাক্ষরসহ আগামী ০২/০৬/২০২৫ তারিখের মধ্যে পরীক্ষা বিভাগে পৌছাতে হবে।
- ৪। এখানে বিশেষভাবে উল্লেখ্য, প্রশ্নের চাহিদা প্রেরণের বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর। তাই চাহিদা প্রেরণের পূর্বে উপ-আঞ্চলিক/আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাকে সর্বোচ্চ সতর্কতার সাথে বিষয়ভিত্তিক নিয়মিত ও পুনঃপরীক্ষার্থীর সর্বশেষ সংখ্যা (অনলাইন ও অফলাইন) নিশ্চিত হয়ে চাহিদা প্রেরণ করতে হবে। প্রশ্নপত্র প্রেরণের বিষয়ে আর্থিক সংশ্লিষ্টতা থাকে বিধায় প্রশ্নের চাহিদা প্রেরণের ক্ষেত্রে কোন প্রকার ভুল হলে তার দায় সংশ্লিষ্ট উপ-আঞ্চলিক/আঞ্চলিক কেন্দ্রকে বহন করতে হবে।

এমতাবস্থায়, বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রের সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণ এবং নির্ধারিত তারিখের মধ্যে প্রশ্নপত্রের চাহিদা প্রেরণ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী।

*Handwritten signature and date: 29/05/2025*  
মোঃ কামরুজ্জামান ভূঞা  
যুগ্ম-পরীক্ষা নিয়ন্ত্রক

অনুলিপি : অবগতি ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (প্রদত্ত বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হবে)।
৪. আইসিটি হেড, আইসিটি ইউনিট, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক এর দপ্তর, পরীক্ষা বিভাগ, বাউবি।
১০. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কম্পিউটার বিভাগ সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং.....	2159
তারিখঃ.....	29/05/2025
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/ সহঃ প্রোগ্রামার/ASANA	
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME	